দৈনিক বাংলা

তারিখ 26 NOV 1992
পৃষ্ঠা ... কলাম ...

18

# ছাত্র সংঘর্ষ ॥ কুষ্টিয়া ইসলামী ভার্সিটি বন্ধ

কুষ্টিয়া, ২৫ নবেম্বর (ইউএনবি)।—আজ ইসলামী বিশ্ববিদ্যালয়ে প্রতিদ্বন্দ্বী ২টি ছাত্র সংগঠনের মধ্যে সংঘর্ষে কমপক্ষে ৫০ জন আহত হলে বিশ্ববিদ্যালয় এক সপ্তাহের জন্য বন্ধ ঘোষণা করা হয়। আবাসিক

(আটের পাতায় ৮-এর কঃ দ্রঃ)

**ভার্সিটি বন্ধ** (প্রথম পাতার পর)

ছাত্রদের সন্ধ্যায় ৬টার মধ্যে হল ত্যাগের নির্দেশ দেয়া হয়েছে এবং সবাই হল ছেড়ে চলে গেছে।

আহতদের মধ্যে ৩ জনের অবস্থা গুরুতর। বিশ্ববিদ্যালয় ছাত্র আক্তারুজ্জামান ও আমজাদকে চিকিৎসার জন্য রাজধানী ঢাকায় পাঠানো হয়েছে। এদের দু'জনের চোখ মারাত্মকভাবে জখম হয়েছে। বহিরাগত নুকুর হোসেন (২৫)কে স্থানীয় সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।